রংপুর মডেল কলেজ

বার্ষিক পরীক্ষা ২০২০খ্রি.

বাংলা প্রথম পত্র

একাদশ শ্রেণি (সৃজনশীল)

সময়ঃ ২:৩০ পূর্ণমানঃ ৭০

(‘ক’ বিভাগ হতে ৩টি ‘খ’ বিভাগ হতে ২টি এবং ‘গ’ ও ‘ঘ’ বিভাগ হতে ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দাও)

‘ক’ বিভাগ (গদ্য)

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও

১। নীচের চিত্রটি লক্ষ্যকর এবং প্রশ্নগুলোর উত্তর দাও-

ক. ওয়াটার লু যুদ্ধ কতসালে সংঘটিত হয়? ১

খ. কমলাকান্তের বিড়ালের সঙ্গে ছানা ভাগ করে খাওয়ার মধ্যদিয়ে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের বিড়ালটি ‘বিড়াল’ প্রবন্ধের কোন শ্রেণির প্রতিনিধি তা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের চিত্রে ‘বিড়াল’ প্রবন্ধের যে সমাজসত্য ফুটে উঠেছে তার স্বরূপ বিশ্লেষণ কর। ৪

২। প্রতিদিন অনাথ আশ্রমের স্কুলের পাশেই শুভঙ্কর-কে দেখা যায়। সে গেটের পাশে দাঁড়িয়ে থাকে উর্মিলাকে দেখার জন্য। এই শুভঙ্করের সাথেই উর্মিলার বিয়ে ঠিক হয়েছিল। কিন্তু বিয়ের রাতে যৌতুক আদায়ের জন্য তাদের পরিবার যে অমানবিক কাণ্ড ঘটায়, তাতে আর উর্মিলার বাবা মেয়েকে তার সাথে বিয়ে দেন নি। শুভঙ্কর নিজের ভুল স্বীকার করলেও উর্মিলা বলে, সে বিয়ে করবে না। শুভঙ্কর উর্মিলা কে মন থেকে ভালোবেসে ফেলেছে। তাই সে উর্মিলা কে ভুলতে পারে না। উর্মিলা এখন অনাথ আশ্রম স্কুলের ছেলেমেয়েদের পড়াশোনা করায়।উর্মিলা কে হাসতে দেখলে বা দূর থেকে কারো সাথে কথা বলতে দেখলে শুভঙ্কর আনন্দিত হয়। উর্মিলা কে সে যেন সত্যিকারভাবে চিনতে পারে না। তবুও তার আশেপাশে থেকে জীবন কাটাতে চায় শুভঙ্কর।

ক. অপরিচিতা গল্পে শম্ভুনাথ সেনের বয়স কত? ১

খ. অনুপম তার মামাকে ভাগ্য দেবতার প্রধান এজেন্ট কেন বলেছে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের শুভঙ্কর চরিত্র ‘অপরিচিতা’ গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩

ঘ. “উদ্দীপকের উর্মিলা সামগ্রিক বিবেচনায় ‘অপরিচিতা’ গল্পের অপরিচিতা স্বরূপ” - যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৩। ১৯৬৯ সাল। বাংলার বিচিত্র শ্রেণি-পেশার মানুষ একত্রিত হয়েছিল একুশের বেদি তলে। পুরান ঢাকার অলিগলি থেকে জোয়ারের মত মানুষ এসে যোগ দিয়েছিল সে দিনের মিছিলে। পূর্ব পাকিস্তানের সমস্বার্থের মানুষগুলোর এ আন্দোলন তৎকালীন পশ্চিম পাকিস্তানী শাসকগোষ্ঠীর সৃষ্ট বৈষম্যের বিরুদ্ধে ১৯৬৯ সালের গণ আন্দোলনকে রুখতে পুলিশ মিছিলে গুলি বর্ষণ করে। ফলে আন্দোলনরত সংগ্রামীদের রক্তে রঞ্জিত হয়েছিল সেদিনের রাজপথ।

ক. রেণু কে? ১

খ. “মুক্তি দিলে খাবো, না দিলে খাবো না”- উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ‘বায়ান্নর দিনগুলো’ রচনার কোন দিকটি দৃশ্যমান? নির্ণয় করো। ৩

ঘ. “উদ্দীপকের ঘটনাটির মূল চেতনা ‘বায়ান্নর দিনগুলো’ রচনার মূল চেতনার পরিপূরক।”- বিশ্লেষণ করো। ৪

৪।

“তুমি আসবে বলে হে স্বাধীনতা,
সকিনা বিবির কপাল ভাঙলো,
সিঁথির সিঁদুর মুছে গেল হরিদাসীর।
তুমি আসবে বলে হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাইয়ের রঙের ট্যাংক এলো
দানবের মত চিৎকার করতে করতে
তুমি আসবে বলে হে স্বাধীনতা
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো।”

ক. তৎকালীন ঢাকা কলেজের উর্দুর প্রফেসরের নাম কী? ১

খ. 'আব্বু ছোটমামা হয়েছে”- ছোট মেয়ের উক্তিতে প্রফেসর কেন চমকে উঠেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে ' রেইনকোট' গল্পটি কোন দিক দিয়ে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. " মুক্তিযোদ্ধারা ইতিহাসে চিরভাস্বর হয়ে থাকবে"- মন্তব্যটি উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের আলোকে বিচার করো। ৪

'খ' বিভাগ (পদ্য)

যেকোনো দুইটি প্রশ্নের উত্তর দাও

৫। স্বাধীনতার অগ্রনায়ক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে সাড়া দিয়ে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এদেশের আপামর জনতা। মুক্তিযুদ্ধের বীর সেনানীদের শৌর্য,বীর্য, সাহসিকতা,কর্তব্যনিষ্ঠা,দেশ প্রেম ও ত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীনতা। মুক্তিযুদ্ধে শহীদ বীর যোদ্ধারা জীবনের বিনিময়ে আমাদের দিয়ে গেলেন লাল-সবুজের পতাকা ।

ক. লক্ষ্মণের মায়ের নাম কী? ১

খ. "প্রফুল্ল কমলে কীটবাস?"- বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের মুক্তিযোদ্ধাদের কোন কোন বৈশিষ্ট্য 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় মেঘনাথ চরিত্রের সঙ্গে তুলনীয়?-আলোচনা করো। ৩

ঘ. "দেশপ্রেম প্রকৃত বীরের ধর্ম"-উদ্দীপক ও ' বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতা অনুসরণে বিশ্লেষণ করো। ৪

৬। সম্রাট বাবর ছিলেন মহৎ শাসক। প্রজাদের সুখ- দুঃখ দেখার জন্য তিনি ছদ্মবেশে রাস্তায় ঘুরে বেড়াতেন। একদিন দেখলেন এক পাগলা হাতির ভয়ে সবাই রাস্তা থেকে সরে যাচ্ছে। কিন্তু রাস্তায় পড়ে ছিল এক শিশু, তাকে কেউ সরিয়ে নিচ্ছে না। বাবর শিশুটিকে তুলে আনতে গেলে লোকজন বলে ও মেথরের সন্তান, ওকে তুলে আনার দরকার নেই। কিন্তু বাবর সবার কথা উপেক্ষা করে জীবনের ঝুঁকি নিয়ে শিশুটিকে উদ্ধার করে সযত্নে মায়ের কোলে ফিরিয়ে দিলেন।

ক. আরব- দুলাল কে? ১

খ. ' কেন খুঁজে ফের দেবতা- ঠাকুর মৃত-পুঁথি-কঙ্কালে?'- চরণটি ব্যাখ্যা করো। ২

গ. সম্রাট বাবর এর সাথে কবি নজরুলের দৃষ্টিভঙ্গির সাদৃশ্য নির্দেশ করো। ৩

ঘ. " পৃথিবীর সকল জাত- ধর্মের উর্ধ্বে মানুষ"- মন্তব্যটি উদ্দীপক ও ' সাম্যবাদী' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

৭।

শত বছরে শত সংগ্রাম শেষে,
রবীন্দ্রনাথের মতো দৃপ্ত পায়ে হেঁটে
অতঃপর কবি এসে জনতার মঞ্চে দাঁড়ালেন।
তখন পলকে দারুণ ঝলকে তরীতে উঠিল জল,
হৃদয়ে লাগে দোলা, জনসমুদ্রে জাগিল জোয়ার
সকল দুয়ার খোলা। কে রোঁধে তাহার বজ্রকণ্ঠ বাণী?
গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনালেন তাঁর অমর কবিতাখানি:
" এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।"

ক. সৈয়দ শামসুল হক কত সালে জন্মগ্রহণ করেছেন? ১

খ. কবির নূরুলদীনের কথা মনে পড়ে যাওয়ার কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের শেষ দুই চরণে " নূরলদীনের কথা মনে পড়ে যায়" কবিতার প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপক ও 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার মূলসুর একই ধারায় প্রবাহিত- বিশ্লেষণ করো। ৪

‘গ’ বিভাগ (উপন্যাস)

যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও

৮। মান্নানের দুই বউ

১) জাহেদা

● কোমল স্বভাব ● সহানুভূতিশীল ● স্বামী ভক্ত ● ধর্মভীরু

২) কস্তুরী

● আত্মমগ্ন ● উদ্ধত ● স্বামীর ব্যাপারে উদাসীন ● ধর্ম কর্মে উদাসীন

ক. সৈয়দ ওয়ালীউল্লাহ কখন মারা যান? ১

খ. শস্যের চেয়ে টুপি বেশি ধর্মের আগাছা বেশি - বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত মান্নানের বউ ‘জাহেদা’ লালসালু উপন্যাসের কোন চরিত্রের প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. “উদ্দীপকের নারী চরিত্র দুটি ‘লালসালু’ উপন্যাসের দুই বিপরীতধর্মী চরিত্র রহিমা ও জমিলার প্রতিনিধিত্ব করে”- মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৯। ধর্ম মানুষকে সঠিক পথের দিশা দেয়। কিন্তু আমরা অনেকেই স্বার্থ চরিতার্থ করার জন্য ধর্মের ভুল ব্যাখ্যা দেই। ধর্ম সরল মনে বিশ্বাস করে এদের সমাজের মাথায় করে রাখে।

ক. মজিদ কোন অঞ্চলের মানুষ? ১

খ. “বিশ্বাসের পাথরে খোদাই করা যেন সে চোখ”- ব্যাখ্যা কর। ২

গ. “লালসালু” উপন্যাসে ধর্মব্যবসায়ের যে স্বরূপ ফুটে উঠেছে তা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. “মজিদ যেন ধর্মব্যবসায়ীর প্রতিচ্ছবি”- উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

‘ঘ’ বিভাগ (নাটক)

যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও

১০। “শোনো এক দিন এই দেশটাটি
দানবেরা দেয় হানা
শকুনেরা মেলে ডানা
পুড়ে ছারখার মাঠের শস্য
মানুষের আস্তানা"

ক. ‘সিরাজউদ্দৌলা’ নাটকে প্রথম সংলাপ কার? ১

খ. “সিরাজ আমার কেউ না”- ঘষেটি বেগম কেন একথা বলেছেন? ২

গ. উদ্দীপকের ‘দানবেরা’, ‘শকুনেরা’, সিরাজউদ্দৌলা নাটকের কাদের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি ‘সিরাজউদ্দৌলা’ নাটকের সাথে কতটুকু যোগসুত্র স্থাপন করেছে তা বিশ্লেষণ কর। ৪

১১। ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য তিতুমীর বাঁশের কেল্লা নির্মাণ করেন। একটা সময় তিতুমীর পরাজিত হন এবং তাকে ফাঁসিতে ঝুলিয়ে ইংরেজরা হত্যা করে। তিতুমীরের এ লড়াই ব্যর্থ মনে হলেও ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে সুদূরপ্রসারী অবদান রেখেছে। তাই তিতুমীর আমাদের কাছে অক্ষয়, অমর, মাতৃভূমির অতন্দ্র প্রহরী।

ক. পলাশীর যুদ্ধে ইংরেজদের পক্ষে কতজন সৈন্য ছিল? ১

খ. “ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব”- বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের তিতুমীর চরিত্রকে সিরাজউদ্দৌলা নাটকের নবাব সিরাজউদ্দৌলার চরিত্রের সঙ্গে তুলনা কর। ৩

ঘ. “তিতুমীর আমাদের কাছে অক্ষয়, অমর, মাতৃভূমির অতন্দ্র প্রহরী”- মন্তব্যটির যথার্থতা সিরাজউদ্দৌলা নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪